এবারের বিশ্বকাপে সবচেয়ে বেশি তরুণ খেলোয়াড় ঘানা দলে

এবারের বিশ্বকাপ

বয়স্ক আর্জেন্টিনা তরুণ ঘানা

● শফিকুর রহমান

ফুটবলের সবচেয়ে প্রেস্টিজিয়াস আসর বিশ্বকাপ বলে কথা! মিশন সফল হলে কে কতটা প্রশংসা করবে, তা নিয়ে প্রতিযোগিতা শুরু হয়ে যায়। তখন আর কেউ প্রয়োজন মনে করে না দুর্বলতাগুলো ধরিয়ে দেয়ার। কিন্তু ব্যর্থ হলে চলে চুলচেরা বিশ্লেষণ; তদন্ত কমিটি পর্যন্ত গঠন করা হয়। বিশেষ করে নির্বাচকদের দাঁড়াতে হয় ভক্ত ও সমর্থকদের কাঠগড়ায়। অমুককে কেন নেয়া হয়েছিল আর অমুককে বাদ দেয়া হয়েছিল কোন যুক্তিতে– এমন প্রশ্নের জবাব দিতে দিতে তাদের বারোটা বেজে যাওয়ার উপক্রম হয়। যা-ই হোক, নিয়মমাফিক সব দলেরই ২৩ সদস্যের চূড়ান্ত স্কোয়াড ঘোষণা করা হয়েছে। দল নির্বাচনে বেশিরভাগ দলই তারুণ্য আর অভিজ্ঞতার সংমিশ্রণকে বেছে নিয়েছে। কোনো কোনো দলে অগ্রাধিকার পেয়েছে অভিজ্ঞতা। কোনোটিতে তারুণ্য। এবারের বিশ্বকাপে বয়স্ক খেলোয়াড় সবচেয়ে বেশি আর্জেন্টিনায় আর সবচেয়ে তারুণ্যনির্ভর দল সাজিয়েছে ঘানা।

৩২টি দলের মধ্যে ঘানার খেলোয়াড়দের গড় বয়স ২৫ দশমিক ৪৪; সবচেয়ে কম। এর পেছনে অবশ্য যথেষ্ট যুক্তি রয়েছে। চার বছর আগে দক্ষিণ আফ্রিকায় তরুণদের নিয়েই শেষ আটে নাম লিখিয়েছিল তারা। কোচ কোয়েসি আপিয়াহর দৃঢ় বিশ্বাস, আফ্রিকার এ দলটি তরুণদের নিয়েই সাফল্যের পুনরাবৃত্তি ঘটাবে। চেলসিতে খেলা ৩১ বছরের মাইকেল এসেন দলের সবচেয়ে সিনিয়র সদস্য। বয়স উনত্রিশের বেশি, এমন খেলোয়াড় একমাত্র তিনিই। ব্ল্যাকস্টারদের সর্বকনিষ্ঠ সদস্য হচ্ছে ২১ বছর বয়সী রসিদ সুমাইলা।

অনেক সমালোচক বুড়োদের দল বলতে শুরু করেছেন আর্জেন্টিনাকে। ২৪ বছর বয়সী মার্কোস রোজো দলের সর্বকনিষ্ঠ খেলোয়াড়। দক্ষিণ আমেরিকার এ দলটিতে এমন আটজন ফুটবলার রয়েছেন, যাদের বয়স ত্রিশ কিংবা তারও

ওপরে। তাদের গড় বয়স ২৮ দশমিক ৯। এক্ষেত্রে তাদের কাছাকাছি অবস্থানে রয়েছে হন্ডুরাস, উরুগুয়ে ও পর্তুগাল। অন্যদিকে বয়সের বিবেচনায় কলম্বিয়ার গোলরক্ষক ফারিদ মনড্রাগনের (৪২) ধারেকাছে কেউ নেই। টুর্নামেন্টের দ্বিতীয় বয়োজ্যেষ্ঠ খেলোয়াড় স্তেফানোস কাপিনোর চেয়ে পাঁচ বছরের বড় তিনি। আসরে নিজেদের দ্বিতীয় ম্যাচের তিন দিন পর ৪৩ বছরে পা রাখবেন ফারিদ মনড্রাগন।

সবকিছু ঠিকঠাক থাকলে প্রতিযোগিতার সবচেয়ে তরুণ দল হতো বেলজিয়াম। কিন্তু ২১ বছর বয়সী কোয়েন কাসটিলস ইনজুরিতে পড়ায় এবং যথাসময়ে সেরে না ওঠায় তার বদলে দলে যুক্ত করা হয় স্যামি বসাটকে, যিনি কিনা

এবারের বিশ্বকাপে সবচেয়ে বয়স্ক খেলোয়াড় ফারিদ মনড্রাগন

কাসটিলসের চেয়ে সাত বছরের বড়। অগত্যা ঘানার পরের অবস্থানে বেলজিয়াম। তাদের গড় বয়স ২৫ দশমিক ৬৬।

ব্রাজিলের কোচ লুইস ফিলিপ স্কলারি তরুণ ও বয়স্কদের সম্মিলন ঘটিয়েছেন দলে। তাদের আটজন খেলোয়াড়ের বয়স ত্রিশ কিংবা তারও ওপরে। সে সঙ্গে রয়েছেন ইয়ংস্টার বার্নার্ড (২১), নেইমার ও অস্কার (উভয়ই ২২)। স্বাগতিক দলের

বিশ্বকাপের দলগুলোর গড় বয়স

দল	সবচেয়ে তরুণ খেলোয়াড়	সবচেয়ে বয়স্ক খেলোয়াড়	গড় বয়স
ঘানা	রসিদ সুমাইলা (২১)	মাইকেল এসেন (৩১)	২৫.৪৪
বেলজিয়াম	ডিভক অরিজি (১৯)	ড্যানিয়েল ভ্যান বাইটেন (৩৬)	২৫.৬৬
নাইজেরিয়া	কেনেথ অমেরুও (২০)	জোসেফ ইওবো (৩৩)	২৫.৮১
সুইজারল্যান্ড	গ্রানিট ঝাকা (২১)	স্টিভ ভন বার্গেন (৩১)	২৬.০৪
দক্ষিণ কোরিয়া	সন হিউং-মিন (২১)	কোয়াক তাই-হিউই (৩২)	২৬.১৯
জার্মানি	ম্যাথিয়াস গিন্টার (২০)	মিরোস্লাভ ক্লোজ (৩৬)	২৬.৩১
অস্ট্রেলিয়া	অ্যাডাস ট্যাগার্ট (২১)	টিম সাহিল (৩৪)	২৬.৩৬
নেদারল্যান্ডস	টেরেন্স কঙ্গোলো (২০)	ডার্ক কিউট (৩৩)	২৬.৪৬
ইংল্যান্ড	লিউক শ (১৮)	ফ্রাংক ল্যাম্পার্ড (৩৫)	২৬.৫৬
আলজেরিয়া	নাবিল বেনতালেব (১৯)	মজিদ বোঘেরা (৩১)	২৬.৬০
ক্যামেরুন	ফ্যাব্রিক অলিঙ্গা (১৮)	স্যামুয়েল ইতো (৩৩)	২৬.৬১
বসনিয়া	সাঈদ কোলাসিনাচ (২০)	এমির স্পাহিচ (৩৩)	২৭.০৫
ফ্রান্স	লুকাস ডিজনে (২০)	মাইকেল ল্যানড্রু (৩৫)	২৭.০৮
ক্রোয়েশিয়া	মাতিও কোভাসিচ (২০)	স্টিপ প্লেতিকোসা (৩৫)	২৭.১৮
জাপান	জটুকু সাকাই (২৩)	ইয়াসুহিতো এন্দো (৩৪)	২৭.২৩
মেক্সিকো	দিয়েগো রিয়েস (২১)	রাফায়েল মারকুয়েজ (৩৫)	২৭.৩৫
কোস্টারিকা	জোয়েল কাম্পবেল (২১)	প্যাট্রিক পেমবারটন (৩২)	২৭.৬০
ইকুয়েডর	কার্লোন গ্রুয়েজো (১৯)	এডিসন মেন্ডেজ (৩৫)	২৭.৭৮
যুক্তরাষ্ট্র	জুলিয়ান গ্রিন (১৯)	টিম হাওয়ার্ড (৩৫)	২৭.৮১
আইভরি কোস্ট	সাইওবা মান্দে (২১)	দিদিয়ের দ্রগবা (৩৬)	২৭.৮৩
কলম্বিয়া	এদেও আলভারেজ বালান্তা (২১)	ফারিদ মনড্রাগন (৪২)	২৭.৮৭
ইতালি	মাতিয়া পেরিন (২১)	জিয়েনলুইজি বাফন (৩৬)	২৭.৯০
রাশিয়া	মাকসিম কানুননিকভ (২২)	সের্গেই ইগনাসেভিচ (৩৪)	২৭.৯৭
চিলি	মীকি আলবর্নজ (২৩)	এস্তেবেন পেরেডেস (৩৩)	২৭.৯৯
স্পেন	কোকে (২২)	জাভি (৩৪)	২৮.২৪
ব্রাজিল	বার্নার্ড (২১)	জুলিও সিজার (৩৪)	২৮.৩৫
ইরান	আলিরেজা জাহানবখশ (২০)	রহমান আহমাদি (৩৩)	২৮.৪৯
গ্রিস	স্তেফানো কাপিনো (২০)	জিওর্জস কারাগাউনিস (৩৭)	২৮.৪৯
পর্তুগাল	রাফা সিলভা (২১)	রিকার্ডো কস্তা (৩৩)	২৮.৫২
উরুগুয়ে	জাসে মারিয়া জিমেনেজ (১৯)	দিয়েগো ফোরলান (৩৫)	২৮.৫৪
হন্ডুরাস	লুইস লোপেজ (২০)	নোয়েল ভাল্লাদারেস (৩৭)	২৮.৫৬
আর্জেন্টিনা	মার্কোস রোজো (২৪)	হুগো কামপাগনারো (৩৩)	২৮.৯২

খেলোয়াড়দের গড় বয়স ২৮ দশমিক ৩৫।

২০১০ বিশ্বকাপে সবচেয়ে বেশি বয়সীদের দল ছিল ইংল্যান্ড। এবার আর তেমনটি ঘটেনি। আছেন তরুণ প্রতিভাবান লিউক শ, রস বার্কলে, রহিস স্টার্লিং ও অ্যালেক্স-অক্সলাড চেম্বারলেইন। থাকছেন অভিজ্ঞ ফ্রাংক ল্যাম্পার্ড ও স্টিভেন গেরার্ড। তাদের বয়স যথাক্রমে ৩৫ ও ৩৪।

প্রথমবারের মতো বিশ্বকাপ খেলতে আসা বসনিয়া বেছে নিয়েছে মধ্যপন্থা। তাদের বেশিরভাগ খেলোয়াড়ের বয়স বিশের ঘরে। গড় বয়স ২০ দশমিক ০৫। দলে ৩৩ বছর বয়সী এমির স্পাহিচের বড় কেউ নেই।

তারুণ্য, অভিজ্ঞতা, অভিজ্ঞতা ও তারুণ্যের সংমিশ্রণ এবং মাঝামাঝি ট্যাকটিক– এগুলোর মধ্যে কোনটি ঠিকভাবে কাজে দেবে এবং বয়ে নিয়ে আসবে সর্বোচ্চ সফলতা, তা বোঝা যাবে ১৩ জুলাই ফাইনালের পর। ■

কল করলেও বোনাস
কল ধরলেও বোনাস
মাত্র ৳২৬ রিচার্জে! উপভোগ করুন সারা মাস
banglalink
নতুন কিছু করো